দৈনিক বাংলা

তারিখ 22 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ২

### বুয়েটের ঘটনা সম্পর্কে বিচার বিভাগীয় তদন্ত কমিটি

# শিক্ষাঙ্গনে শান্তি রক্ষায় সব ব্যবস্থা নেয়া হবে ঃ খালেদা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ১৯শে অক্টোবরের ঘটনা তদন্তের জন্য একটি বিচার বিভাগীয় কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন। খবর বাসস'র।

তিনি বুয়েট ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার আদেশ দিয়ে গতকাল বলেন যে ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা রক্ষায় যারা ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা নেয়াহবে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারিগণ গতকাল সকালে পরিস্থিতি জানাতে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করলে তিনি এ কথা বলেন।



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সোমবার প্রধানমন্ত্রীর দফতরে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের উদ্দেশে ভাষণ দেন

তিনি বুয়েটসহ সব শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ও শিক্ষার অনুকূল পরিবেশের প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করেন। বেগম জিয়া বলেন যে এই লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেয়া হবে।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের সন্তানদের উজ্জ্বল ভবিষ্যৎ উপহার দিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। সন্ত্রাসের অবসান ঘটাতে আমরা আবার শিক্ষক ও রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে বৈঠকে বসব।

হুশিয়ারী উচ্চারণ করে প্রধানমন্ত্রী বলেন, আমাদের সহনশীলতাকে যেন দুর্বলতা বলে ভুল না করা হয়। ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ রক্ষার জন্য প্রয়োজন হলে আমরা কঠোরতম ব্যবস্থানেব।

বেগম জিয়া এ ব্যাপারে শিক্ষক ও অভিভাবকদের সহযোগিতা চান।

এর আগে বুয়েটের ভিসি এম শাহজাহান, ডঃ জসিমুজ্জামান, ডঃ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

**খালেদা** (প্রথম পৃঃ পর)

ইকবাল মাহমুদ ও প্রফেসর নুরুদ্দিন আহমেদ প্রধানমন্ত্রীকে ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে জানান।

তারা বলেন যে দুষ্কৃতকারী ও সন্ত্রাসকারীদের বিরুদ্ধে সরকারের অবিলম্বে কার্যকর ব্যবস্থা নেয়া উচিত তারা আরো মত প্রকাশ করেন যে এ ব্যাপারে আর কোন আলাপ আলোচনার প্রয়োজননাই।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারও এ উপলক্ষে বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব সৈয়দ হাসান আহমেদও বৈঠকে উপস্থিত ছিলেন।